দৈনিক সংবাদ

তারিখ ... MAY 29 1999 ... পৃষ্ঠা ৭ কলাম ৫

## বরগুনা আলিয়া মাদ্রাসা কেন্দ্র

# কামিল ও ফাজিল পরীক্ষায় ব্যাপক নকল ॥ ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার

বরগুনা থেকে নিজস্ব সংবাদদাতা ঃ বরগুনা আলিয়া মাদ্রাসা কেন্দ্রে কামিল ও ফাজিল পরীক্ষায় ব্যাপক নকল ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। কেন্দ্র সচিবের প্রত্যয়নগত নিয়ে ভুয়া পরীক্ষার্থী পরীক্ষা দেয়ার পর ধরা পড়লে ঘটনার সত্যতা প্রমাণিত হয়।

গত ২৬শে মে সকালে বরগুনা আলিয়া নেছারিয়া মাদ্রাসায় কামিল ও ফাজিল পরীক্ষা কেন্দ্রে মজিবর রহমান নামে এক মাদ্রাসা শিক্ষক অন্য একজন পরীক্ষার্থীর পক্ষে পরীক্ষা দিতে এসে কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের হাতে ধরা পড়ে। তাকে গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। সে একই কেন্দ্রের কামিল শ্রেণীর বহিরাগত পরীক্ষার্থী শহীদুল ইসলাম, রোল নং ৫০৪৯০৭-এর পরিবর্তে পরীক্ষা দিচ্ছিল।

প্রকাশ, শহীদুল ইসলাম ও মজিবর বাকেরগঞ্জ থানার বাসিন্দা এবং কলসকাঠি ইউনিয়নের নারাংগল গ্রামের নেছার মহল দারুছ সুন্নাত দাখিল মাদ্রাসায় সহকারী শিক্ষক হিসেবে কর্মরত। মজিবর গত বছর পাঙ্গাশিয়া নেছারিয়া আলিয়া মাদ্রাসা থেকে ২য় শ্রেণীতে কামিল পাস করে। ধৃত মজিবর জানায়, সে প্রথম থেকেই শহীদের পক্ষে পরীক্ষায় অংশ নিয়ে আসছিল। এ ব্যাপারে পরীক্ষা কেন্দ্রের সচিব তাদের সহযোগিতা করেন। কেন্দ্র সচিবের সাথে যোগাযোগ করা হলে তার এই ঘটনার সঙ্গে তার সম্পৃক্ততার কথা এড়িয়ে যাবার চেষ্টা করেন।

একই পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় নকল করে হাতেনাতে ম্যাজিস্ট্রেটের হাতে ধরা পড়লেও কেন্দ্রের কর্মকর্তারা তাকে বহিষ্কার না করে পুনরায় পরীক্ষা দেয়ার সুযোগ দিলে বরগুনা আলিয়া মাদ্রাসার অফিস সহকারী মোশাররফ হোসেনকে গ্রেফতার করা হয়। কিন্তু মোশাররফ হোসেন একাই এ কাজ করেছে বলে অনেকেই বিশ্বাস করেন না। আলিয়া মাদ্রাসা কেন্দ্রে বর্তমানে ব্যাপক নকল চলছে। অভিযোগ আছে, পরীক্ষায় ব্যাপক দুর্নীতির জন্য মাদ্রাসা কর্মকর্তারাই দায়ী।